# আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | ٱلْمُطَفِّفِين

আয়াতঃ ৮৩ : ৩৪

## আরবি মূল আয়াত:

فَالْيَوْمَ الَّذِينَ اٰمَنُوا مِنَ الْكُفَّارِ يَضْحَكُونَ ﴿٣٤﴾

## অনুবাদসমূহ:

অতএব আজ মুমিনরাই কাফিরদেরকে নিয়ে হাসবে। — আল-বায়ান

আজ (জান্নাত হতে) মু'মিনরা কাফিরদের (পরিণতির) উপর হাসছে, — তাইসিরুল

আজ তাই মু'মিনগণ উপহাস করছে কাফিরদেরকে – — মুজিবুর রহমান

So Today those who believed are laughing at the disbelievers, — Sahih International

### ৩৪. অতএব আজ মুমিনগণ উপহাস করবে কাফিরদেরকে,

-

তাফসীরে জাকারিয়া

### ৩৪। আজ তাই মুমিনগণ উপহাস করবে কাফিরদেরকে নিয়ে। [1]

[1] অর্থাৎ, যেমন দুনিয়াতে কাফেররা মুসলিমদেরকে নিয়ে হাসি-মজাক ও ঠাট্টা-বিদ্রূপ করত, তেমনি কিয়ামতের দিন যখন তারা আল্লাহর কবলে এসে যাবে, তখন মু'মিনরা তাদেরকে নিয়ে হাসতে থাকবে। তাদের হাসি এই জন্য হবে যে, এরা নিজেরা ভ্রষ্ট হওয়ার সত্ত্বেও আমাদের ভ্রষ্ট বলত এবং উপহাস করত। এখন তারা বুঝে নিয়েছে যে, কারা ভ্রষ্ট ছিল? আর কারা উপহাসের পাত্র ছিল?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5882

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন